মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াধীন মহিলা বিষয়ক অধিদপ্তরের উন্নয়ন ও রাজস্ব কার্যক্রমের আওতায় **ডিসেম্বর ২০১৯** মাসের হালনাগাদ তথ্যাদি

দপ্তর/সংস্থার নাম: মহিলা বিষয়ক অধিদপ্তর। **প্রতিবেদনাধীন মাস ডিসেম্বর /২০১৯** **তারিখ: ০২/০১/২০২০**

লক্ষ টাকায়

ক্র: নং	কার্যক্রম	প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রম	উপকারভোগীর সংখ্যা (প্রতিবেদনাধিন মাসে)	অগ্রগতি
১.	২	৩	৪	৫
১।	**উন্নয়ন প্রকল্প**	**উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়- বর্ধক প্রশিক্ষণ কর্মসূচী (আইজিএ)।** **মেয়াদকাল: জানুয়ারী** **২০১৭-ডিসেম্বর ২০২০** অনুমোদিত ব্যয়-২৮৩২২.৬০ (সংশোধিত) **প্রকল্পের উদ্দেশ্য** : আয়বর্ধক কাজের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দরিদ্র, অনগ্রসর নারীদের আত্মনির্ভরশীল ও দক্ষ মানব সম্পদে পরিণত হতে সহায়তা করা। প্রকল্পের মাধ্যমে ২,১৭,৪৪০ জন নারীকে প্রশিক্ষণ প্রদান করা হবে।	২৩০৯৫ জন	• ৪২৬টি উপজেলায় বিভিন্ন ট্রেডে ৭ম ব্যাচের (অক্টোবর-১৯ হতে ডিসেম্বর-১৯ পর্যন্ত) ২১০২৫ জনের প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। • ৬১টি জেলায় ইলেক্ট্রিক্যাল ও ইলেক্ট্রনিক্স ইক্যুইপমেন্ট (কম্পিউটার সার্ভিসিং এন্ড রিপেয়ারিং ও মোবাইল সার্ভিসিং এন্ড রিপেয়ারিং) ট্রেডে ৫ম ব্যাচের (অক্টোবর-১৯ হতে ডিসেম্বর-১৯ পর্যন্ত) ১৮৩০ জনের এবং ৮টি বিভাগীয় শহরে মটর ড্রাইভিং ট্রেডে ৫ম ব্যাচের (অক্টোবর-১৯ হতে ডিসেম্বর-১৯ পর্যন্ত) ২৪০ জনের প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে।
২।	ঐ	**কিশোর-কিশোরী ক্লাব স্থাপন।** মেয়াদকাল : জানুয়ারি ২০১৮-ডিসেম্বর ২০২০ **অনুমোদিত ব্যয়** ৫৫১৫৬.২৭ **প্রকল্পের উদ্দেশ্য** : সমাজের বিভিন্ন স্তরের প্রান্তিক ও অসহায় কিশোর-কিশোরীদের জেন্ডার বেইজড ভায়োলেন্স প্রতিরোধে সক্ষম করা প্রকল্পটির উদ্দেশ্য।	৬৬৯৫ জন	• **প্রকল্পের মাঠপর্যায় হতে ফিল্ড সুপারভাইজার, সঙ্গীত শিক্ষক ও আবৃত্তি শিক্ষকদের শূন্য পদের তালিকা সংগ্রহ করা হয়েছে।** • **ফিল্ড সুপারভাইজারদের ডিসেম্বর মাসের বেতন আইবাসের মাধ্যমে উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর বরাবর প্রেরণ করা হয়েছে।**
৩।	**ঐ**	সোনাইমুড়ী,কালীগঞ্জ,আড়াইহাজার ও মঠবাড়ীয়া উপজেলায় ট্রেনিং সেন্টার ও হোষ্টেল নির্মাণ। **মেয়াদকাল : জুলাই ২০১৪- জুন ২০১৯** **অনুমোদিত ব্যয়- ৪৭৭৫.২০** **প্রকল্পের উদ্দেশ্য :** ১৮-৩৫ বৎসরের সুবিধাবঞ্চিত অদক্ষ মহিলাদের নিরাপদ আবাসনের মাধ্যমে প্রশিক্ষণ সেবা প্রদান করে দক্ষ মানব সম্পদ হিসেবে গড়ে তোলা এবং জীবনমান উন্নয়ন করা।	**২৯৪ জন**	• ০৪টি প্রশিক্ষণ কেন্দ্রের মধ্যে কালীগঞ্জ কেন্দ্রের প্রশিক্ষণ কার্যক্রম চলমান। তিনমাস মেয়াদী কোর্সে ৫০ জন প্রশিক্ষণার্থী ০২টি ট্রেডে প্রশিক্ষণ গ্রহণ করছে। প্রতিবেদনকালীন মাস পর্যন্ত ২৯৪ জন প্রশিক্ষণার্থী/উপকারভোগী প্রশিক্ষণ পেয়েছে। • সোনাইমুড়ী প্রশিক্ষণ কেন্দ্রের বাউন্ডারী ওয়াল নির্মাণের লক্ষ্যে ওয়ার্ক অর্ডার/কার্যাদেশ প্রদান করা হয়েছে। মঠবাড়ীয়া প্রশিক্ষণ কেন্দ্রে (RO) প্লান্ট স্থাপনের ব্যয়ের প্রাক্কলন জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর হতে পাওয়া গেছে।
৪।	ঐ	**২০টি শিশু দিবাযত্ন কেন্দ্র স্থাপন** প্রকল্প। মেয়াদকাল : মার্চ ২০১৬-ফেব্রুয়ারি ২০২১ **অনুমোদিত ব্যয়-** ৫৯৮৮.৪৯৮ **প্রকল্পের উদ্দেশ্য:** নিম্নবিত্ত ও মধ্যবিত্ত শ্রেণীর	৫৫ জন	• **ডিসেম্বর ২০১৯ পর্যন্ত ভর্তিকৃত ১১১৮ জন শিশু এবং সমসংখ্যক উপকারভোগী মা।** • **২০টি ডে-কেয়ার সেন্টারে ডিসেম্বর ২০১৯ মাসে নতুন শিশু ভর্তি ৫৫ জন।**

ক্র: নং	কার্যক্রম	প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রম	উপকারভোগীর সংখ্যা (প্রতিবেদনাধিন মাসে)	অগ্রগতি
১.	২	৩	৪	৫
		কর্মজীবী মায়েদের শিশুদের (৬ মাস থেকে ৬ বছর) নিরাপদ দিবাকালীন সেবা প্রদান।		
৫।	ঐ	গাজীপুর জেলার কালীগঞ্জ উপজেলায় কর্মজীবী মহিলা হোস্টেল নির্মাণ ও শিশু দিবাযত্ন কেন্দ্র স্থাপন প্রকল্প। **মেয়াদকাল : জুলাই -২০১৬- জুন -২০২০** **অনুমোদিত ব্যয়-** ১৯১৫.০২৮ **প্রকল্পের উদ্দেশ্য: কর্মজীবী নারীদের আবাসন সুবিধা এবং শিশুদের দিবাযত্ন প্রদান।**	৬০ জন	• **হোস্টেল ভবন ২৪/১২/২০১৯ তারিখে পিডব্লিউডি কর্তৃক মহিলা বিষয়ক অধিদপ্তরের অনুকূলে হস্তান্তর করা হয়েছে।** • শিশু দিবাযত্ন কেন্দ্রে ২০ জন শিশু ভর্তি রয়েছে। • হোস্টেলে ৪০ জন বোর্ডার ভর্তি রয়েছে। • বোর্ডার ভর্তির ফরম বিতরণ কার্যক্রম চলমান রয়েছে।
৬।	ঐ	মিরপুর ও খিলগাঁও কর্মজীবী মহিলা হোষ্টেল উর্ধ্বমুখী সম্প্রসারন প্রকল্প। **মেয়াদকাল : জুলাই ২০১৬- জুন ২০১৯** **অনুমোদিত ব্যয়-** ৩৯৩৭.৫৫ **প্রকল্পের উদ্দেশ্য: এ প্রকল্পের উদ্দেশ্য কর্মজীবী নারীদের আবাসন সুবিধা প্রদান।**	-	• **খিলগাঁও হোস্টেলের ওয়াল টাইলস লাগানোর কাজ চলমান ।** • মিরপুর হোস্টেলের **বারান্দার গ্রীল ও পানির লাইনের কাজ চলমান ।**
৭।	ঐ	**নীলক্ষেত কর্মজীবী নতুন মহিলা হোস্টেল নির্মাণ এবং দেশের বিভিন্ন জেলায় বিদ্যমান হোস্টেল সমূহের অধিকতর উন্নয়ন ।** **মেয়াদকাল : জুলাই ২০১৭-জুন ২০২০** **অনুমোদিত ব্যয়- ৩৫৯৭.৪৮** **প্রকল্পের উদ্দেশ্য:** অর্থনৈতিক কর্মকান্ডে নিয়োজিত নারীদের অধিকহারে সহায়তা দানের জন্য স্বল্প খরচে কর্মজীবী নারীদের নিরাপদ আবাসনের ব্যবস্থা করা **এ প্রকল্পের উদ্দেশ্য** ।	-	• ২য় তলার ছাদ ঢালাই ও ৩য় তলার কলাম ঢালাই চলমান।
৮।	ঐ	Advancement of Women's Rights. মেয়াদকাল : নভেম্বর ২০১৭-ডিসেম্বর ২০২০ অনুমোদিত ব্যয়- ৬৭৭.২২ **প্রকল্পের উদ্দেশ্য:** মহিলাদের সমঅধিকার প্রতিষ্ঠা এবং নারী ক্ষমতায়নের মাধ্যমে নারী ও মেয়ে শিশুর প্রতি জেন্ডার ভিত্তিক নির্যাতন ও নিপীড়ন প্রতিরোধ করা।	-	• ৪টি জেলায় (জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে) NNPC সভা অনুষ্ঠিত হয়েছে- ৬টি। • জেলা পর্যায়ে NNPC গাইড লাইনের খসড়া প্রস্তুত করণে কার্যক্রম কর্মশালা-৩টি। • সদর কার্যালয়ে NNPC এর কার্যক্রম জোরদারকরণ বিষয়ক কর্মশালা-১টি। NAP-VAW এর Monitoring & Evaluation (M&E) tools প্রস্তুতকরণে লাইন মিনিস্ট্রি এর সাথে ফোকাসগ্রুপ সভা।
৯।	ঐ	Accelerating Action to end Child Marriage in Bangladesh.	৪৩২০জন	• প্রকল্পের আওতায় বগুড়া জেলার ২৫জন এবং জামালপুর জেলার ১১জন মোট ৩৬জন জেন্ডার প্রোমোটারদের জীবন-জীবিকা এবং

ক্র: নং	কার্যক্রম	প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রম	উপকারভোগীর সংখ্যা (প্রতিবেদনাধিন মাসে)	অগ্রগতি
১.	২	৩	৪	৫
		মেয়াদকাল : নভেম্বর ২০১৭- অক্টোবর ২০১৯ অনুমোদিত ব্যয়- ৪৩৪.৮৭ **প্রকল্পের উদ্দেশ্য:** কিশোরী বিবাহিত-অবিবাহিত মেয়েদের জন্য বিনিয়োগ ও সমর্থন বৃদ্ধি এবং এই সমর্থনের উপকারিতা দৃশ্যমান করে বাল্য বিবাহের মোকাবেলায় কর্মের গতি বাড়ানো।		দুর্যোগ ঝুকি হ্রাস বিষয়ক আবাসিক প্রশিক্ষণ ০৮/১২/২০১৯ তারিখ হতে ১৪/১২/২০১৯ তারিখ পর্যন্ত ব্রাক সেন্টার, ময়মনসিংহ-এ সমাপ্ত হয়েছে। • ডিসেম্বর ২০১৯ মাসের ব্যয়: ১৬.৬৪ লক্ষ টাকা। জুলাই ২০১৯ হতে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ৭৭.০৯ লক্ষ টাকা।
১০।	ঐ	National Resilience Programme মেয়াদকাল : (জানুয়ারী ২০১৮-মার্চ ২০২১) অনুমোদিত ব্যয়: **২৮৩৪.৬৭** **প্রকল্পের উদ্দেশ্য :** টেকসই মানব ও অর্থনৈতিক উন্নয়ন, নারী পুরুষের সমতা ও দূর্যোগের ঝুকি হ্রাস করণ প্রকল্পের মূখ্য উদ্দেশ্য।	-	• মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রণীত 'Gender Responsive Guideline for Design and Review of Development Projects 2009' হালানাগাদ করার লক্ষ্যে ১২ ডিসেম্বর ২০১৯ তারিখে একটি কর্মশালা বাংলাদেশ পরিকল্পনা কমিশন-এ অনুষ্ঠিত হয়। • ১৯ ডিসেম্বর ২০১৯ তারিখে BBS কর্তৃক আয়োজিত Sex, Age, Disability, Disaster desegregated data (SADDD) এর protocol ও guideline প্রণয়নের কর্মশালা অনুষ্ঠিত হয়। • ১৯ ডিসেম্বর ২০১৯ তারিখে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রতিনিধিদের সাথে Disaster impact Assessment (DIA) কর্মকাঠামো সংযুক্তকরণীয় বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়। • প্রশিক্ষণ প্রতিষ্ঠান Women Environment and Development Organisation (WEDO) কর্তৃক ২৭০০ বিদাপন্ন নারী নির্বাচন তালিকা চুড়ান্ত । • ২১-২৫ ডিসেম্বর ২০১৯ তারিখে প্রশিক্ষণ প্রতিষ্ঠান Bangladesh Disaster Preparedness Centre (BDPC) কেন্দ্রিয় পর্যায়ে মহিলা বিষয়ক অধিদপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এবং সাইক্লোন প্রিপার্ডনেস প্রোগ্রাম (সিপিপি) এর নির্বাচিত কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান করেছে।

১	২	৩	৪	৫
২.	**রাজস্ব বাজেটের কর্মসূচি।**	১. দুঃস্থ মহিলা উন্নয়ন (ভিজিডি) কর্মসূচি	১০,৪০,০০০ (দশ লক্ষ চল্লিশ হাজার) জন।	২০১৯-২০২০ ভিজিডি চক্রে সারাদেশের ৪৯২টি উপজেলায় ১০,৪০,০০০ (দশ লক্ষ চল্লিশ হাজার) উপকারভোগীর অনুকূলে **জুলাই/ - ডিসেম্বর/২০১৯ পর্যন্ত ৬ (ছয়) মাসের ১,৮৭,২০০ মেঃটন খাদ্য (চাল) বরাদ্দ ও উক্ত খাদ্যের পরিবহণ ব্যয় বাবদ=** ১৪.৪৭৫১৫১৮ (চৌদ্দ কোটি সাতচল্লিশ লক্ষ একান্ন হাজার পাঁচশত আঠার) কোটি টাকার ব্যয় বরাদ্দ আদেশ মাঠ পর্যায়ে বিতরণের জন্য প্রেরণ করা হয়েছে এবং খাদ্য বিতরণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। জানুয়ারী- জুন ২০২০ পর্যন্ত ৬ মাসের **১,৮৭,২০০ মেঃটন খাদ্য (চাল) বরাদ্দ আদেশ** ইতিমধ্যে মাঠপর্যায়ে প্রেরণ করা হয়েছে।
		২. কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচি	২,৭৫,০০০ জন।	২০১৯-২০ অর্থবছরে বৃদ্ধিপ্রাপ্ত ২৫০০০ সহ ২,৭৫,০০০ জন উপকারভোগীর মধ্যে G2P পদ্ধতিতে প্রতিজনের মাসে ৮০০/- টাকা হিসেবে ইএফটি পদ্ধতিতে ৬৫০২৬ জনকে মোট ১৫,৫৯,৪৮,০০০(পনের কোটি উনষাট লক্ষ আটচল্লিশ হাজার) টাকা ভাতা প্রদান করা হয়েছে।
		৩. দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচি	৭,৭০,০০০ জন	২০১৯-২০ অর্থবছরে ভাতাভোগীর সংখ্যা ৭,৭০,০০০ জন এবং জনপ্রতি মাসিক ভাতার পরিমাণ ৮০০.০০ টাকা। ২০১৯-২০ অর্থবছরে ভাতা বাবদ ৭৩৯,২০,০০,০০০.০০ (সাতশত উনচল্লিশ কোটি বিশ লক্ষ) টাকা বরাদ্দ আছে।
		৪. ডে-কেয়ার কর্মসূচি বেনুয়ারা খাতুন	২৩৪৭ জন	নিম্নবিত্ত ও মধ্যবিত্ত শ্রেনীর কর্মজীবী মায়েদের শিশুদের (৬ মাস থেকে ৬ বছর) সকাল ৮:৩০ ঘটিকা থেকে বিকাল ৫:৩০ ঘটিকা পর্যন্ত নিরাপদ দিবাকালীন সেবা প্রদান করা হয়। ঢাকা জেলায় ২৫টি, ১৮টি জেলায় ১৮টি সর্বমোট ৪৩টি ডে-কেয়ার সেন্টারে কার্যক্রম পরিচালিত হচ্ছে।
		৫.মহিলা স্বেচ্ছাসেবী সমাজ কল্যান কেন্দ্রসমূহের অনুকূলে অনুদান বিতরণ।	৪৮৩১ টি।	২০১৭-২০১৮ অর্থ বছরের তুলনায় ২০১৮-২০১৯ অর্থ বছরে ১৮৯টি সমিতি ও ৫৯,৭০,০০০/- (উনষাট লক্ষ সত্তর হাজার) টাকা অনুদানের পরিমান বৃদ্ধি পেয়েছে।
		৬.মহিলা বিষয়ক অধিদপ্তরের আওতায় পরিচালিত ০৭টি কর্মজীবী মহিলা হোস্টেলের মাধ্যমে কর্মজীবী মহিলাদের নিরাপদ আবাসন সুবিধা প্রদান।	১২৬২ জন।	রাজস্ব খাতভুক্ত ঢাকাস্থ ০৩টি কর্মজীবী মহিলা হোস্টেলের সিটসংখ্যা ৮৯৩টি (গেস্টসিটসহ) এবং স্ব-অর্থায়নে পরিচালিত ঢাকার বাইরের ০৪টি জেলা শহর চট্টগ্রাম, রাজশাহী,খুলনা ও যশোরে কর্মজীবী মহিলা হোস্টেলের সিটসংখ্যা ৫২১ টি। মোট ১৪১৪ টি বোর্ডার সিটের বিপরীতে ডিসেম্বর ২০১৯ মাসে মোট উপকারভোগী কর্মজীবী মহিলা বোর্ডারের সংখ্যা ১২৬২ জন।
		০৭. কর্মরত মহিলা গার্মেন্টস শ্রমিকদের আবাসনের জন্য হোস্টেল নির্মাণ, বড় আশুলিয়া, সাভার, ঢাকা।	৮৯ জন	চলতি মাসে ০৭ জন বোর্ডার হোস্টেল ত্যাগ করেন এবং ১১ জন বোর্ডার হোস্টেলে উঠেন। এ কার্যক্রমের আওতায় ৭২০ জন বোর্ডারের আবাসন সুবিধা রয়েছে

১	২	৩	৪	৫
		৮.মহিলাদের আত্ন-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম।	২৫০ জন	এই কর্মসূচীটি ৬৪টি জেলার আওতাধীন ৪৮৮টি উপজেলায় বাস্তবায়িত হচ্ছে। ● ২০০৩-০৪ হতে ২০১৯-২০ অর্থবছর পর্যন্ত ঘূর্ণায়মান হিসেবে ক্রমপুঞ্জিতভাবে মোট বিতরণ ১৩৫.৪৪ (একশত পঁয়ত্রিশ কোটি চুয়াল্লিশ লক্ষ) টাকা এবং মোট আদায় ১০৬.১০(একশত ছয় কোটি দশ লক্ষ) টাকা। ● উপকারভোগীর সংখ্যা ১৩৪৫৮০ জন। ● আদায়ের হার=৭৮.৩৪%
০৩	**রাজস্ব বাজেটের আওতায় অন্যান্য কার্যক্রম**	১.নিবন্ধনকৃত মহিলা সমিতিভিত্তিক ব্যতিক্রমী ব্যবসায়ী উদ্যোগ (জয়িতা-বান্দরবান)।	-	১। ২০১৮-১৯ অর্থ বছরে ২৫০ জন এবং ২০১৭-১৮ অর্থ বছরে ২৫০ জন মোট ৫০০ জন নারী উদ্যোক্তাদের চাহিদা ভিত্তিক কারিগরি দক্ষতা বৃদ্ধি ও ব্যবসা ব্যবস্থাপনার উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ২। স্থানীয়ভাবে নারী উদ্যোক্তাদের সমিতিভিত্তিক সংগঠিত করে ব্যবসায় উদ্বুদ্ধকরণের জন্য বিভিন্ন সভা, কর্মশালা ও মেলার ব্যবস্থা করা হয়েছে। ৩। ৬ তলা ভিতের উপর ৪ তলা বিশিষ্ট বিপণি কেন্দ্রের ষ্ট্রাকচারাল কাজ সম্পন্ন হয়েছে। ফিটিংস এর কাজ চলছে। ভবনের প্লাস্টার শেষ হয়েছে। বৈদুতিক কাজ এবং স্যানিটারি কাজ চলমান। সীমানা প্রাচীরর দরপত্রের কাজ সম্পন্ন হয়েছে। ডিসেম্বর ২০১৯ এর মধ্যে বিপনী কেন্দ্র মহিলা বিষয়ক অধিদপ্তরকে হস্তান্তর করতে হবে মর্মে এলজিইডি হতে জানানো হয়। ৪। বিপণী কেন্দ্রের দোকান, চাইল্ড কর্নার, ক্লাবঘর/অফিস ঘর, মাল্টিপারপাস হলরূম, ফুড কর্নার, ২টি ইন্সপেকশন কক্ষ ইত্যাদির ডেকোরেশনের জন্য আসবাবপত্র ও সরঞ্জাম ক্রয় করা হয়েছে । ৫। স্থানীয় কমিটির মাধ্যমে দোকান বরাদ্দ, বিপণীকেন্দ্রের ব্যবস্থাপনা ও পরিচালনা সংক্রান্ত অনুমোদিত নীতিমালা মুদ্রনের কাজ সম্পন্ন করা হয়েছে । নীতিমালা অনুমোদন হয়েছে। ৬। নীতিমালা অনুযায়ী বিপণী কেন্দ্রের দোকান বরাদ্দ ও ব্যবস্থাপনা সংক্রান্ত কাজ সম্পন্নের জন্য উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর কে পত্র দেয়া হয়েছে। ৭। প্রচার-প্রচারণা সংক্রান্ত ব্রুশিউর, শপিং ব্যাগ ইত্যাদি প্রস্তুত করা হয়েছে ।
		২.গাজীপুর জেলার কালীগঞ্জ উপজেলায় নারী উদ্যোক্তাদের পরিচালনায় মহিলা	-	● কর্মসূচীর আওতায় নির্মাণ কার্যক্রম চলছে। অগ্রগতি ৪০% ● ২৫০ জন নারী উদ্যোক্তাকে প্রশিক্ষণ প্রদান করা

১	২	৩	৪	৫
		বিপনীকেন্দ্র (জয়িতা-কালীগঞ্জ)		হয়েছে।
		৩.অধুনালুপ্ত ছিটমহলের নারীদের জন্য ইউনিয়ন পর্যায়ে বেসিক আইটি/ আইসিটি লিটারেসি ও নারীর জীবন যাত্রার মান উন্নয়ন বিষয়ে প্রশিক্ষণ কর্মসূচি।	১০০ জন	• মোট ৬০৫ জনকে প্রশিক্ষণ দেয়া হয়েছে।
		৪."হাওড় এলাকার সুবিধা বঞ্চিত নারীর অর্থনৈতিক ও সামাজিক ক্ষমতায়নের জন্য আয় ও কর্মসংস্থান বৃদ্ধি" কর্মসূচি মেয়াদকাল: ২০১৮-১৯ হতে ২০১৯-২০ মোট প্রাক্কলিত ব্যয়: ৬২৩.৩৬ লক্ষ টাকা	১৪৮০ জন নারী	▪ ডিসেম্বর ২০১৯ এর মধ্যে আরও ১০টি প্রশিক্ষণের মাধ্যমে ২০০ জন নারীকে প্রশিক্ষণ প্রদান করে ২০১৮-২০১৯ অর্থ বছরের বার্ষিক পরিকল্পনা অনুযায়ী ১০০ ভাগ কাজ সম্পন্ন করা হবে। ▪ ডিসেম্বর ২০১৯ পর্যন্ত ৯২টি প্রশিক্ষণের মাধ্যমে ১৮৪০ জন নারীকে ভাসমান বীজতলা তৈরী ও বিষমুক্ত সবজি চাষ এবং উন্নত জাতের হাঁস প্রতিপালন বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়েছে। ▪ ডিসেম্বর ২০১৯ পর্যন্ত ৭৪টি প্রশিক্ষণের মাধ্যমে ১৪৮০ জন নারীকে ভাসমান বীজতলা তৈরী ও বিষমুক্ত সবজি চাষ বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়েছে। ▪ ডিসেম্বর ২০১৯ পর্যন্ত ১৪৮০ জন নারীর প্রত্যেককে ২টি করে ভাসমান বীজতলা তৈরীর বেড ও বীজ প্রদান করা হয়েছে। ▪ ডিসেম্বর ২০১৯ পর্যন্ত ১৮টি প্রশিক্ষণের মাধ্যমে ৩৬০ জন নারীকে উন্নত জাতের হাঁস প্রতিপালনের বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়েছে এবং জুন ২০১৯ পর্যন্ত ৩৬০ জন নারীর প্রত্যেককে ১৫ টি করে উন্নত জাতের হাঁস ও হাঁসের খাবার প্রদান করা হয়েছে।
		৪.কারিগরি প্রশিক্ষণের মাধ্যমে এতিম ও অসহায় কিশোরীদের জীবনমান উন্নয়নের লক্ষ্যে একাডেমিক এবং আবাসিক ভবন নির্মাণ, সুনামগঞ্জ।	–	এ কর্মসূচি হতে ১২৫ জন এতিম ও অসহায় কিশোরী আবাসন সুবিধাসহ প্রশিক্ষণ সুবিধা পাবে। ভবন নির্মাণ চলমান।
		৫.আধুনিক ফ্যাশন ডিজাইন ইউনিট স্থাপন (অপরাজিতা) মেয়াদ:২০১৬-১৭ হতে ২০১৮-১৯ অর্থবছর।	৫০০ জন	কর্মসূচীর আওতায় প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয়েছে। নভেম্বর ২০১৯ মাস থেকে ০৭ টি জেলায় ১০টি ট্রেডের উপর প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। প্রতি ব্যাচে ৫০ জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ পাচ্ছেন।
		ক. বিক্রয় ও প্রদর্শনী কেন্দ্র অংগনা।	৪২ জন নারী উদ্যোক্তা (মালামাল সরবরাহকারী)	মহিলা বিষয়ক অধিদপ্তরাধীন বিক্রয় ও প্রদর্শনী কেন্দ্র অংগনার মাধ্যমে মহিলা সমিতি/দু:স্থ মহিলা/নারী উদ্যোক্তাদের উৎপাদিত হস্তশিল্পজাত মালামাল বিক্রয়ের মাধ্যমে দেশব্যাপী নারী উদ্যোক্তাদের অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করা হয়। নভেম্বর পর্যন্ত বিক্রয় ৩৮,০৮৬/ টাকা। মুনাফার টাকা প্রতি অর্থবছর শেষে সরকারী কোষাগার বাংলাদেশ ব্যাংকে জমা দেয়া

১	২	৩	৪	৫
				হয়।
		খ.মহিলা সহায়তা কর্মসূচি		মহিলা সহায়তা কর্মসূচীর নারী নির্যাতন প্রতিরোধ সেলের মাধ্যমে ৬টি বিভাগীয় শহরে (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল ও সিলেট) নির্যাতানের শিকার নারীদের অভিযোগ গ্রহণ, পক্ষদ্বয়ের শুনানী গ্রহণ ও পারস্পারিক আলোচনার ভিত্তিতে পারিবারিক সম্পর্ক পুনঃস্থাপন, সন্তানের ভরণপোষণ আদায়, দেনমোহরানা ও খোরপোষ আদায়সহ সবধরণের আইনি সহায়তা দেয়া হয়। নির্যাতিত নারীদের সহায়তার জন্য ৬টি বিভাগীয় শহরে পরিচালিত শেল্টার হোমে নির্যাতিত নারী ও শিশুদের অনুর্ধ ১ বছর আশ্রয়নসহ সবধরণের সুযোগ এবং শিক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করছে। এছাড়া মহিলা সহায়তা কর্মসূচির আওতায় মহিলা সহায়তা কেন্দ্রের মাধ্যমে নির্যাতিত ও আশ্রয়হীন নারীদের বিনা খরচে ০৬ মাস পর্যন্ত দু'টি সন্তানসহ ১২ বছরের নীচে আশ্রয়, খাদ্য, বস্ত্র, চিকিৎসা প্রশিক্ষণসহ পুনর্বাসনের ব্যবস্থা গ্রহণ করা হয়।
		নারী নির্যাতন প্রতিরোধ সেল	অভিযোগ- ৬৭টি নিষ্পত্তি- ৮৯টি	
		আশ্রয় কেন্দ্রের নতুন বোর্ডার	মা ০৬ জন শিশু ০৬ জন	
		অবস্থানরত বোর্ডার	মা ৪৯ জন শিশু ৩১জন	
		দেনমোহর আদায়	৩,৮৯,৯০০/	
		গ. চাকুরী বিনিয়োগ তথ্য কেন্দ্র:	০২ টি	মহিলা বিষয়ক অধীদপ্তরাধীন চাকুরী বিনিয়োগ তথ্যকেন্দ্রে ১৫/- (পনের) টাকার বিনিময়ে শিক্ষিত, স্বল্পশিক্ষিত, দক্ষ, অদক্ষ চাকুরী প্রত্যাশী নারীদের নাম নিবন্ধনপূর্বক বিভিন্ন প্রতিষ্ঠানে তাদের উপযুক্ত শূন্য পদের বিপরীতে আবেদনপত্র প্রেরণ করে চাকুরী প্রাপ্তিতে সহযোগিতা প্রদান করা হয় এবংসরকার কর্তৃক প্রদত্ত গেজেটেড ১০% এবংনন-গেজেটেড ১৫% নারী কোটা পূরণের বিষয়টি পর্যবেক্ষণ করা হয়।
		ঘ. বাল্যবিবাহ প্রতিরোধ বিষয়ক।	৭৭ জন শিশু	বাল্যবিবাহ হতে পরিত্রাণ পেয়েছে এমন শিশুদের নাম ও ঠিকানা সম্বলিত ৪৬টি জেলা হতে প্রাপ্ত তথ্য সংকলন করে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রতিমাসে প্রেরণ করা হচ্ছে ।
		ঙ. মানব পাচার রোধ সংক্রান্ত	১১০৫০২জন	মানব পাচার প্রতিরোধে জেলা ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাগণ নিয়মিতভাবে উপকারভোগীদের সচেতন করেন। এ সকল কর্মসুচির তথ্য সংগ্রহপূর্বক সন্নিবেশিত আকারে প্রতিবেদন প্রতিমাসে প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হচ্ছে ।
		চ.অটিজম বিষয়ে সচেতনতা বৃদ্ধি।	৪০৯৭৪ জন	মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রশিক্ষণ একাডেমী কর্তৃক আয়োজিত প্রশিক্ষণ কর্মসুচির মাধ্যমে এ পর্যন্ত ২৩৭ জন জেলা ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাদের এ বিষয়ে অবহিতকরণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ।
		ছ. জাতীয় মহিলা ও শিশুউন্নয়ন পরিষদ (NCWCD) ।	মাসিক প্রতিবেদন	গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে ১১/০২/২০১৫ তারিখে অনুষ্ঠিত জাতীয় মহিলা ও শিশু উন্নয়ন পরিষদ(NCWCD) এর সভার সিদ্ধান্তসমুহের বাস্তবায়ন অগ্রগতির (বিস্তারিত) প্রতিবেদন প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রতিমাসে প্রেরণ করা হয় ।
		জ.কর্মক্ষেত্রে যৌন হয়রানী রোধ বিষয়ক।	৩১ টি সভা অনুষ্ঠিত হয়েছে।	কর্মক্ষেত্রে যৌন হয়রানী রোধে মহামান্য আদালতের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন এর আলোকে অত্র অধিদপ্তরে গত ২৪/১০/২০১০ তারিখে ০৯ (নয়) সদস্য বিশিষ্ট একটি Complaint কমিটি গঠন করা হয়েছে। মহিলা বিষয়ক অধিদপ্তরের নীচ তলায় একটি অভিযোগ বাক্স রাখা হয়েছে যেখানে অভিযোগকারী মৌখিক ও টেলিফোনে কিংবা লিখিত

১	২	৩	৪	৫
				অভিযোগ প্রদান করতে পারবে। Complaint কমিটির সভা দুই মাস পর পর অনুষ্ঠিত হয়। ৬৪টি জেলায় উপপরিচালকের কার্যালয়ে Complaint কমিটি গঠন করা হয়েছে।
	প্রশিক্ষণ			
	(ক) উন্নয়ন প্রকল্পের আওতায়	১. উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়- বর্ধক প্রশিক্ষণ কর্মসূচী (আইজিএ)।	২৩০৯৫জন	• ৪২৬টি উপজেলায় বিভিন্ন ট্রেডে ৭ম ব্যাচের (অক্টোবর-১৯ হতে ডিসেম্বর-১৯ পর্যন্ত) ২১০২৫ জনের প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। • ৬১টি জেলায় ইলেক্ট্রিক্যাল ও ইলেক্ট্রনিক্স ইক্যুইপমেন্ট (কম্পিউটার সার্ভিসিং এন্ড রিপেয়ারিং ও মোবাইল সার্ভিসিং এন্ড রিপেয়ারিং) ট্রেডে ৫ম ব্যাচের (অক্টোবর-১৯ হতে ডিসেম্বর-১৯ পর্যন্ত) ১৮৩০ জনের এবং ৮টি বিভাগীয় শহরে মটর ড্রাইভিং ট্রেডে ৫ম ব্যাচের (অক্টোবর-১৯ হতে ডিসেম্বর-১৯ পর্যন্ত) ২৪০ জনের প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে।
		সোনাইমুড়ী,কালীগঞ্জ,আড়াই হাজার ও মঠবাড়ীয়া উপজেলায় ট্রেনিং সেন্টার ও হোষ্টেল নির্মাণ।	৫০ জন	• ০৪টি প্রশিক্ষণ কেন্দ্রের মধ্যে কালীগঞ্জ কেন্দ্রের প্রশিক্ষণ কার্যক্রম চলমান। তিনমাস মেয়াদী কোর্সে ৫০ জন প্রশিক্ষণার্থী ০২টি ট্রেডে প্রশিক্ষণ গ্রহণ করছে। প্রতিবেদনকালীন মাস পর্যন্ত ২৯৪ জন প্রশিক্ষণার্থী/উপকারভোগী প্রশিক্ষণ পেয়েছে।
	(খ) কর্মসূচির আওতায়	১.মহিলাদের জন্য জীবিকায়নের প্রশিক্ষণ ভিত্তিক দক্ষতা WTC কর্মসূচি, মবিঅ, ঢাকা।	৬৩০০ জন	আধুনিক গার্মেন্টস, মোমবাতি তৈরী,শো-পিস তৈরী, টেইলারিং, কারচুপি, বিউটিফিকেশন, মোবাইল ফোন সার্ভিসিং, খাদ্য প্রক্রিয়াজাতকরণ, কাগজের প্যাকেট তৈরী, কিচেন গার্ডেনিং (যে কোন ৫টি বিষয়ে প্রশিক্ষণ হয়)।
		২. দুঃস্থ মহিলা উন্নয়ন (ভিজিডি) কর্মসূচি	১০,৪০,০০০ (দশ লক্ষ চল্লিশ হাজার) জন	২০১৯-২০২০ ভিজিডি চক্রে সারাদেশের ৪৯২টি উপজেলায় ১০,৪০,০০০ (দশ লক্ষ চল্লিশ হাজার) উপকারভোগীদের মধ্যে বেসরকারী উন্নয়ন সংস্থা (এনজিও) কর্তৃক প্রশিক্ষণ প্যাকেজ সেবা (প্রশিক্ষণ, সঞ্চয়, ঋণ) কার্যক্রম সম্পাদিত হচ্ছে। । এছাড়া, মাঠ পর্যায়ে ভিজিডি উপকারভোগীদের প্রত্যেকের নিজ নিজ নামে ১০/- টাকার সঞ্চয়ী একাউন্ট খোলার কার্যক্রম চলমান রয়েছে। ২৪/১২/২০১৯ তারিখে মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তরের সভাপতিত্বে ভিজিডি কার্যক্রম বাস্তবায়নে চলমান বিভিন্ন সমস্যা চিহ্নিতকরণ, উদ্ভুত সমস্যার সম্ভাব্য সমাধানের বিষয়ে আলোচনা এবংআলোচনার উপর ভিত্তি করে পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত ৩২ টি জেলার উপ-পরিচালকদের সমন্বয়ে " ভিজিডি প্রোগ্রাম রিভিউ ওয়ার্কশপ" অনুষ্ঠিত হয়।
		৩. কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচি	২,৭৫,০০০ জন	উপকারভোগীদের প্রশিক্ষণের জন্য বিজিএমইএ ওবিকেএমইএ সহ ৪৪০টি সংস্থার সাথে চুক্তি সম্পন্ন হয়েছে।বিজিএমইএ ও বিকেএমইএ সহ চুক্তিবদ্ধ সংস্থা কর্তৃক উপকারভোগীদের সচেতনতামূলক প্রশিক্ষণ কার্যক্রম চলমান।
		৪. দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচি	৭০০০০০ জন	চুক্তিবদ্ধ এনজিও/সিবিও'র মাধ্যমে জেলা, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা এবং উপজেলা প্রশাসনের সার্বিক

১	২	৩	৪	৫
				সহযোগীতা ও অংশগ্রহণের মাধ্যমে প্রত্যেক ভাতাভোগীদেরকে পুষ্টি, বাল্যবিবাহ প্রতিরোধ, বিবাহ ও জন্ম-মৃত্যু নিবন্ধন, প্রাথমিক স্বাস্থ্য, মা ও শিশু স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা, শিশু লালন পালনে মায়ের ভূমিকা, আরলি স্ক্রিনিং, অটিষ্টিক শিশুর যত্ন ও Neuro Disorder ইত্যাদি বিষয়ে সচেতনতা মূলক প্রশিক্ষন প্রদান করা হয়। ফলে তারা পুষ্টি ও স্বাস্থ্য বিষয়ে সচেতন হওয়ার মাধ্যমে ব্যক্তিগত, পারিবারিক ও সামাজিক ভাবে উপকৃত হয়েছেন এবং ক্রমান্বয়ে মা ও শিশু মৃত্যুর হার হ্রাস পাচ্ছে। MIS Software ব্যবহারের করে ডাটা এন্ট্রি করার জন্য বিভাগীয় ও জেলা পর্যায়ে সকল জেলা, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও সংশ্লিষ্ট কর্মচারীদের প্রশিক্ষণ দেওয়া হয়েছে। সমগ্র দেশে সকল ভাতাভোগীর ডাটা এন্ট্রি শেষ হয়েছে। ৭টি উপজেলায় Improved Maternity and Lactating Mother অর্থাৎ মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ভাতাভোগী নির্বাচন, প্রশিক্ষণ (স্বাস্থ্য ও পুষ্টি) ও ভাতা বিতরণ কার্যক্রম চলমান। বর্তমানে ২০১৯-২০ অর্থ বছরে ৬৬টি উপজেলায় এই কার্যক্রম চালু করা হয়েছে।
	(গ) রাজস্ব বাজেটের আওতায়	প্রধান কার্যালয় মহিলা বিষয়ক অধিদপ্তর,ঢাকা।	২০ জন ০৫ জন ১২ জন	১।দর্জি বিজ্ঞান ২। ব্লক, বাটিক এন্ড টাইডাই ৩। এমব্রয়ডারী
		বেগম রোকেয়া প্রশিক্ষণ কেন্দ্র, ময়মনসিংহ(আবাসিক)	১৩ জন ২০ জন ৬০ জন ৫০ জন	১।হাউজ কিপিং এন্ড কেয়ার গিভিং ২।বিউটিফিকেশন ৩। আধুনিক গার্মেন্টস, (অনাবাসিক) ৪। কম্পিউটার
		মহিলা কৃষি প্রশিক্ষণ কেন্দ্র, জিরাবো, সাভার, ঢাকা (আবাসিক)।	০৮ জন ১৩ জন ০৯ জন ১৯ জন - জন	১। মাশরুম ও জৈব চাষাবাদ ২।পেষ্ট্রি এন্ড বেকারী প্রোডাক্ট ৩।ড্রেস মেকিং এন্ড টেইলারিং ৪। বেসিক কম্পিউটার ৫। হর্টিকালচার এন্ড নার্সারী
		শহীদ শেখ ফজিলাতুননেছা মুজিব মহিলা প্রশিক্ষণ একাডেমী, জিরানী,গাজীপুর (আবাসিক)	১৪ জন ১৭ জন ৫৫ জন ২৩ জন ১৪ জন - ৯৮ জন	১। বিউটিফিকেশন ২। মোবাইল ফোন সার্ভিসিং ৩। কম্পিউটার অফিস এপ্লিকেশন ৪। ড্রেস মেকিং ৫। ইন্ডষ্ট্রিয়াল সুইংমেশিন অপারেটর এন্ড মেইনটেনেন্স ৬। লেদার অপারেটর ৬। Underprivileged Childrens Educational Programs (UCEP)Bangladesh

১	২	৩	৪	৫
		মহিলা হস্তশিল্প ও কৃষি প্রশিক্ষণ কেন্দ্র, দিনাজপুর (আবাসিক)	২০ জন ৩০ জন ১০ জন	১। আধুনিক গার্মেন্টস, ২। ড্রেস মেকিং এন্ড টেইলারিং ৩। বেসিক কম্পিউটার
		মহিলা কৃষি প্রশিক্ষণ কেন্দ্র, বাগেরহাট (আবাসিক)	১৭ জন ৩৯ জন ৩৩ জন	১। বিউটিফিকেশন ২। কম্পিউটার অফিস এপ্লিকেশন ৩। ড্রেস মেকিং এন্ড টেইলারিং
		মা-ফাতেমা (রাঃ) মহিলা প্রশিক্ষণ ও উন্নয়ন কমপ্লেক্স, সারিয়াকান্দি,বগুড়া (আবাসকি)	২০ জন ১০ জন ২০ জন	১। কনজিউমার ইলেকট্রনিক্স ২। মটর সাইকেল সার্ভিস মেকানিক্স ৩। ইলেকট্রিশিয়ান
		মানবসম্পদ উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী (আবাসিক)।	১২০ জন	সক্ষমতা বিকাশ প্রশিক্ষণ।
		গ্রামীণ মহিলাদের কৃষি ভিত্তিক প্রশিক্ষণ কেন্দ্র জিরানী,গাজীপুর(অনাবাসিক)	১৫জন	সমন্বিত কৃষি ও মাছ চাষ।
		মহিলা বিষয়ক অধিদপ্তরাধীন ১৩৬টি উপজেলায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের মহিলা প্রশিক্ষণ কেন্দ্র।	৪০৮০ জন	দর্জি বিজ্ঞান, এমব্রয়ডারী।
	ঘ)কর্মকর্তা ও কর্মচারী।	মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রধান কার্যালয়ের কর্মকর্তাদের প্রশিক্ষণ।	৭২ জন	-
	অন্যান্য কার্যক্রম (প্রতিবেদনাধিন মাসের সকল কার্যক্রমের বর্ণনা)	দুঃস্থ মহিলা উন্নয়ন (ভিজিডি) কর্মসূচি	-	২০১৯-২০২০ ভিজিডি চক্রে সারাদেশের ৯৬টি উপজেলায় ভিজিডি কর্মসূচির আওতায় রাইস ফর্টিফিকেশন কার্যক্রমে উপকারভোগী মহিলাদের মধ্যে পুষ্টি চাল (ফর্টিফাইড রাইস) বিতরণ করা হচ্ছে। গত ২২/১২/২০১৯ এবং২৩/১২/২০১৯ তারিখ বিশ্বখাদ্য কর্মসূচীর সহযোগিতায় ভিজিডি কর্মসূচির আওতায় Advancgng Rice Fortification:Annual Review and 2020 Planning Workshop অনুষ্ঠিত হয়।
	বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদযাপন	মহিলা বিষয়ক অধিদপ্তরের আওতায় ২০১৮-২০১৯ অর্থ বছরে সরকারী নির্দেশনায় জাতীয় শোক দিবস, জাতীয় কন্যা শিশু দিবস, বেগম রোকেয়া দিবস ও বেগম রোকেয়া পদক বিতরণ, মহান বিজয় দিবস, আন্তর্জাতিক নারী দিবস, জাতীয় শিশু দিবস, মহান স্বাধীনতা দিবস, মা দিবস ইত্যাদি দিবস সমূহ যথাযোগ্য মর্যাদায় উদযাপন করা হয়েছে।	-	৯ই ডিসেম্বর ২০১৯ ওসমানী স্মৃতি মিলনায়তনে বেগম রোকেয়া দিবস ও বেগম রোকেয়া দিবস ও বেগম রোকেয়া পদক প্রদান করা হয়েছে। এ দিবস উদযাপন উপলক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে ০৫ জন মহিয়সী নারীকে বেগম রোকেয়া পদকে ভূষিত করা হয়। ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষ্যে মহিলা বিষয়ক অধিদপ্তরের ০৫ তলায় আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে মহিলা বিষয়ক অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীরা অংশগ্রহণ করেন।